**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**25 September 2025** **7:35 AM**

---

আসাম সরকার জনপ্রিয় শিল্পী জুবিন গার্গের অকাল মৃত্যুর ঘটনার তদন্তের জন্য এক বিশেষ অনুসন্ধানকারী গোষ্ঠি ( এস আই টি ) গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গতকাল সামাজিক মাধ্যমে জানান যে জুবিন গার্গের মৃত্যুর সঙ্গে জড়িত কোন লোককে রেহাই দেওয়া হবেনা বলে তিনি স্পষ্ট করে দেন । মুখ্যমন্ত্রী আজ বিকেলে আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখার শীর্ষ আধিকারীকদের সঙ্গেও এক গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হন ।বৈঠকের পর তিনি পুলিশ সঞ্চালক প্রধানকে তদন্তের জন্য এস আই টি গঠন করার নির্দেশ দেন । তদন্তের ক্ষেত্রে এস আই টি সম্পূর্ণ স্বাধীনতা লাভ করবে বলে মুখ্যমন্ত্রী জানান । প্রয়াত শিল্পীর দ্বিতীয় মরণোত্তর পরীক্ষার সময় সংগ্রহ করা ভিসারা নতুনদিল্লীর কেন্দ্রীয় ফরেন্সিক গবেষণাগারে পরীক্ষার জন্য প্রেরণ করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান ।

---

আসাম সরকার ব্যবসায়ী  শ্যামকানু মহন্ত এবং তার সঙ্গে জড়িত সংগঠনের যে কোনধরণের অনুষ্ঠান বা উৎসব আয়োজন করার ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করেছে । এছাড়া রাজ্য সরকার শ্যামকানু মহন্তের সঙ্গে জড়িত কোন অনুষ্ঠানকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে আর্থিক অনুদান , বিজ্ঞাপন প্রদান করবে না বলে জানিয়ে দিয়েছে। রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকেও এ বিষয়ে অনুরোধ জানাবে। মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা গতকাল সামাজিক মাধ্যমে জানান যে আসামের জনপ্রিয় শিল্পী জুবিন গার্গকে সিঙ্গাপুরে আয়োজিত নর্থইষ্ট ফেষ্টিভেলে আমন্ত্রন করে নিয়ে যাওয়া এবং সিঙ্গাপুরের সাগরের জলে ডুবে জুবিন গার্গের মৃত্যুর ঘটনা সম্পর্কে পরবর্তীতে কিছু আপত্তিজনক মন্তব্য করার পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সমগ্র আসামে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে ।

---

কাছাড় পুলিশ আসন্ন শারদীয় দূর্গোৎসবে শহরে শান্তি-শৃঙ্খলা বজায় রাখা এবং মহিলাদের নিরাপত্তা সু-নিশ্চিত করতে বিশেষ উদ্যোগ নিয়েছে। প্রতিবছরের মতো এবারও ৫০ জন পুলিশ কর্মীর সমন্বয়ে বিশেষ অ্যান্টি রোমিও স্কোয়াড গঠন করা হয়েছে। গত একমাস ধরে বিশেষ প্রশিক্ষণ গ্রহণ করা এই পুলিশ বাহিনী গতকাল  শিলচরে মহড়া প্রদর্শন করেন । এসম্পর্কে বক্তব্য রাখতে গিয়ে জেলার পুলিশ সুপার নোমাল মাহাত্তা জানান যে পূজোর দিনগুলিতে  অ্যান্টি রোমিও স্কোয়াড শহরের সব জায়গায় নজর রাখবে । মহিলা ও শিশুদের নিরাপত্তা নিশ্চিত করাই এই বাহিনীর মূল লক্ষ্য বলে উল্লেখ করে পুলিশ সুপার আরো বলেন যে পূজোর সময় যদি

কোনো ব্যাক্তি শহরে অশান্তি সৃষ্টি করার চেষ্টা করে তবে অ্যান্টি রোমিও স্কোয়াড দ্রুত ঘটনাস্থলে পৌঁছে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে ।

---

শিলচর পৌর নিগমের সহকারী আয়ুক্ত উনহালে আশীষ বিদ্যাধরের নেতৃত্বে বিশেষ অভিযান চালিয়ে শিলচর শহরের একাধিক হোটেল ও রেষ্টুরেন্টে ব্যবহৃত ভতুকী যুক্ত গ্যাস সিলিন্ডার বাজেয়াপ্ত করেছে । অভিযানে বেশ কিছু বানিজ্যিক প্রতিষ্ঠানে ঘোরয়া সিলিন্ডার জব্দ করা হয়েছে । অভিযান সর্ম্পকে পৌর নিগমের আয়ুক্ত সৃষ্টি সিং জানান যে ভর্তুকী যুক্ত এল পি জি সিলিন্ডার বানিজ্যিকভাবে ব্যবহার সম্পূর্ন বে আইনী । এধরনের অপব্যবহার প্রতিরোধ করতেপৌর নিগম শূন্য সহনশীলতার নীতিতে আরো অভিযান করবে এবং প্রয়োজনে ব্যবসায়িক প্রতিষ্ঠানের লাইসেন্স বাতিল করা হবে এবং জরিমানা করা হবে ।

---

ডিমা হাসাও জেলার স্বাস্থ্য বিভাগের উদ্যোগে সেবা সপ্তাহ পালনের অঙ্গ হিসেবে গতকাল হাফলং-এর সাংস্কৃতিক প্রেক্ষাগৃহে আয়োজিত নিক্ষয় মিত্র সভায় জেলার একশ যক্ষা রোগীদের মধ্যে খাদ্য সামগ্রী বন্টন করা হয়েছে । এ উপলক্ষ্যে আয়োজিত সভায় উত্তর-কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের মূখ্য কার্য্যবাহী সদস্য দেবলাল গারলোসা , সাংসদ অমরসিং টিসো প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

শিলচর রাধামাধব কলেজের বাংলা বিভাগের সম্পাদনায় কৃষ্ণকলি দেওয়াল পত্রিকার উনিশতম সংখ্যা গতকাল প্রকাশিত হয়েছে । কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডক্টর অরুন্ধতী দত্ত চৌধুরী  কৃষ্ণকলি পত্রিকার নতুন সংখ্যার উন্মোচন করেন । এছাড়া বরাক উপত্যকায় মনসা পূজার ঐতিহ্য ও

লোকসংস্কৃতির উপাদান শীর্ষক বিষয়ের উপর ছাত্র-ছাত্রীদের নিয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

---

হাইলাকান্দি জেলায় আসন্ন শারদীয়া দূর্গা পূজা শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে জেলা প্রশাসনের উদ্যোগে জেলা আয়ুক্তের কার্য্যলয়ে একটি কন্ট্রল রুম খোলা হয়েছে যা ২৪ ঘন্টা খোলা থাকবে । এই কন্ট্রল রুমের টেলিফোন নম্বর হচ্ছে-০৩৮৪৪-২৮০০০০ এবং টোল ফ্রি নম্বর হচ্ছে- ১০৭৭ । জনসাধারনকে আইন-শৃংখলা জনিত সমস্যার জন্য প্রয়োজনে এই নম্বরে যোগাযোগ করতে বলা হয়েছে । এদিকে জেলা প্রশাসন থেকে পূজা কমিটিগুলিকে রাত ১০টা পর্য্যন্ত ৬৫ ডেসিবেল ভলিউমে মাইক বাজানোর অনুমতি দেওয়া হয়েছে ।

---

শ্রীভূমি জেলার বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংস্থা এবং স্থানীয় বাসিন্দাদের পক্ষ থেকে গতকাল জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর সঙ্গে সাক্ষাৎ করে শ্রীভূমি শহরের হাটমেন্ট রোডের ম্যাজিষ্ট্রেট কোয়াটারে শৈশব কাটানো সদ্য প্রয়াত সঙ্গীত শিল্পী জুবিন গর্গের স্মৃতি স্তম্ভ নির্মান , একটি সংগ্রহশালা এবং হাটমেন্ট রোডকে জুবিন সরনী নামে নামাঙ্কিত করার দাবী জানিয়ে স্মারক পত্র প্রদান করা হয় । স্মারক পত্রের প্রতিলিপি রাজ্যের মূখ্যমন্ত্রীর উদ্দেশ্যেও পাঠানো হয়েছে । স্মারক পত্র প্রদানকালে প্রতিনিধি দলে পৌর কমিশনার বর্নালী দত্ত , স্থানীয় বাসিন্দা ইন্দুপ্রভা দাস , অনুপম দাস চৌধুরী প্রমূখ উপস্থিত ছিলেন ।

---